

১. বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের অনুদান প্রদান সংক্রান্ত তথ্য :

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন প্রতিষ্ঠার পর থেকে ২০১১-২০১২ অর্থবছরে জনপ্রতি ১০,০০০/- টাকা, ২০২১-২০১৩ অর্থবছরে জনপ্রতি ১৫,০০০/- টাকা, ২০১৪-২০১৫ অর্থবছরে জনপ্রতি ১৫,০০০/- টাকা, ২০১৫-২০১৬ অর্থবছরে জনপ্রতি ১৫,০০০/- টাকা, ২০১৬-২০১৭ অর্থবছরে জনপ্রতি ১৫,০০০/- টাকা, ২০১৭-২০১৮ অর্থবছরে জনপ্রতি ১৫,০০০/- টাকা এবং ২০১৮-২০১৯ অর্থবছরে জনপ্রতি ১৫,০০০/- টাকা হারে এককালীন অনুদান প্রদান করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছর থেকে জনপ্রতি মাসিক ২,০০০/- টাকা হারে বছরে ২৪,০০০/- টাকা মাসিক ভাতা/এককালীন অনুদান হিসেবে প্রদান করা হচ্ছে।

ফাউন্ডেশন কর্তৃক অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের মাসিক ভাতা/এককালীন অনুদান প্রদানের বিবরণ নিম্নে দেওয়া হলো :

ক্র.নং	অর্থ-বছর	প্রাপ্ত আবেদন	মাসিক ভাতা/এককালীন অনুদান	অনুদান প্রাপ্তদের সংখ্যা ও হার (টাকায়)	অর্থের পরিমাণ (টাকায়)
০১.	২০১১-২০১২	১৫০ টি	এককালীন অনুদান	১১০ জন (১০,০০০/-)	১১,০০,০০০/-
০২.	২০১২-২০১৩	৭১৯ টি	এককালীন অনুদান	৫৩৩ জন (১৫,০০০/-)	৭৯,৯৫,০০০/-
০৩.	২০১৪-২০১৫	১০৯৪টি	এককালীন অনুদান	৬১৩ জন (১৫,০০০/-)	৯১,৯৫,০০০/-
০৪.	২০১৫-২০১৬	১২৫০টি	এককালীন অনুদান	৬৩০ জন (১৫,০০০/-)	৯৪,৫০,০০০/-
০৫.	২০১৬-২০১৭	১৩২৯টি	এককালীন অনুদান	৬৩৮ জন (১৫,০০০/-)	৯৫,৭০,০০০/-
০৬.	২০১৭-২০১৮	১৭৫২টি	এককালীন অনুদান	৬৪৫ জন (১৫,০০০/-)	৯৬,৭৫,০০০/-
০৭.	২০১৮-২০১৯	১৭৬২টি	এককালীন অনুদান	১০৫০ জন (১৫,০০০/-)	১,৫৭,৫০,০০০/-
০৮.	২০১৯-২০২০	৩৩৫০টি	মাসিক ভাতা/এককালীন অনুদান	১১৫০ জন (২৪,০০০/-)	২,৭৬,০০,০০০/-
০৯.	২০২০-২০২১	৪২০৫টি	মাসিক ভাতা/এককালীন অনুদান	১১৭০ জন (২৪,০০০/-)	২,৮০,৮০,০০০/-
১০.	২০২১-২০২২	৩৩৮৬টি	মাসিক ভাতা/এককালীন অনুদান	১৩৫০ জন (২৪,০০০/-)	৩,২৪,০০,০০০/-
				মোটঃ ৭,৮৮৯ জন	মোটঃ ১৫,০৮,১৫,০০০/- (পনের কোটি আট লক্ষ পনের হাজার টাকা)

১.১ করোনাকালীন বিশেষ আর্থিক অনুদান: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদয় নির্দেশনায় চলমান বৈশ্বিক করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারীকালে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন অসচ্ছল, অসমর্থ ও অসমর্থ ক্রীড়াসেবীদের পাশে থেকে তাদের আর্থিক সহায়তা প্রদান করেছে। ফাউন্ডেশন কোভিড-১৯ মহামারীর কারণে আর্থিকভাবে অসচ্ছল ৫০ জন ক্রীড়াসেবীর প্রতিজনকে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বিশেষ আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও ৭৭৬৭ (সাত হাজার সাতশত সাতষট্টি) জন অসচ্ছল ক্রীড়াসেবীদের প্রতিজনকে ৫,০০০/- টাকা হারে সর্বমোট ৩,৮৮,৩৫,০০০/- (তিন কোটি আটশি লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা করোনাকালীন বিশেষ অনুদান প্রদান করা হয়েছে।

১.২ চিকিৎসা সহায়তা বাবদ বিশেষ অনুদান প্রদানঃ বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক সর্বমোট ৮৮ (আটাত্তিশ) জন ক্রীড়াসেবী ও ক্রীড়াসংগঠকদের চিকিৎসা/আর্থিক সহায়তা হিসেবে ৯৪,২৫,০০০/- (চুড়ানব্বই লক্ষ পঁচিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।